সমকাল

তারিখ 19 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

ইউজিসিতে মতবিনিময়

# পাবলিক ভার্সিটিতে জঙ্গি কার্যক্রম পর্যবেক্ষণে তাগিদ

সমকাল প্রতিবেদক

পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে সাম্প্রতিক পরিস্থিতি ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে মতবিনিময় করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল সোমবার ইউজিসি কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় পর্যায়ে জঙ্গি কার্যক্রম আরও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য সভায় উপাচার্যদের প্রতি আহ্বান জানায় ইউজিসি। এ বিষয়ে সরকারকে সব রকমের সহযোগিতার আশ্বাস দেন উপাচার্যরা। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক পৃষ্ঠা ৪ : কলাম ৪

## পাবলিক ভার্সিটিতে জঙ্গি কার্যক্রম

[প্রথম পৃষ্ঠার পর]

আবদুল মান্নানের সভাপতিত্বে সভায় ইউজিসি সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, অধ্যাপক ড. এম শাহ নওয়াজ আলি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি এবং মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলাউদ্দিন, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ইউজিসি সচিব ড. মো. খালেদসহ ইউজিসির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ বিষয়ে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, এটি উপাচার্যদের দাবি-দাওয়া সংক্রান্ত বৈঠক ছিল। সেখানে সাম্প্রতিক ঘটে যাওয়া জঙ্গি হামলার বিষয়টি এসেছে। আমরা উপাচার্যদের সাবধান থাকতে বলেছি। আগামী ২৩ জুলাই সব উপাচার্যকে নিয়ে শিক্ষা মন্ত্রণালয় বৈঠক করবে। সেখানে জঙ্গিবাদ প্রতিরোধে বেশ কিছু নির্দেশনা দেওয়া হবে।

বৈঠকে উপস্থিত একাধিক উপাচার্য জানান, পূর্বনির্ধারিত এজেন্ডা বাদ দিয়ে মুখ্য আলোচনা হয়ে ওঠে জঙ্গি প্রসঙ্গটি। জঙ্গি তৎপরতা নিয়ে উপাচার্যরা উদ্বেগ প্রকাশ করেন। প্রথম সারির কয়েকটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা তাদের অভিজ্ঞতা ও কৌশলের কথা জানান। তারা জানান, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো আবাসিক হওয়ায় এখানে জঙ্গি তৎপরতা বেশি হওয়ার সম্ভাবনা আছে। এ জন্য প্রত্যেকটি আবাসিক হল, মসজিদ, ছাত্রদের আড্ডা দেওয়ার জায়গা, ক্যান্টিন, লাইব্রেরি, কমন রুম, নির্জন জায়গাগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে। এখানে কারা কতক্ষণ থাকে, কার সঙ্গে মিশে এ বিষয়গুলো মনিটর করা হচ্ছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মীজানুর রহমান বলেন, আগামী ২৩ জুলাই পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যে বৈঠক হবে এটা ছিল তার প্রস্তুতি সভা। সে বৈঠকে বিশ্ববিদ্যালয়গুলোর পক্ষ থেকে কোন কোন বিষয় উপস্থাপন করা হবে তা নিয়ে আলোচনা হয়েছে। তাছাড়া শিক্ষার্থীদের জঙ্গি তৎপরতা নজরদারিতে রাখা, খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা এবং শিক্ষক নিয়োগের সময় জঙ্গি মনোভাব আছে কি-না সে বিষয়ে নজর রাখার জন্য নির্দেশনা এসেছে।

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোহাম্মদ রফিকুল আলম বলেন, নির্ধারিত বৈঠকের বাইরে জঙ্গি বিষয় আলোচনা হয়েছে। ইউজিসির চেয়ারম্যান মৌখিকভাবে কিছু নির্দেশনা দিয়েছেন। গুলশান ও শোলাকিয়ায় জঙ্গি হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার শুরুতে এক মিনিট নীরবতা পালন করা হয়।